

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর
৩২, ঈশা খাঁ অ্যাভিনিউ, সেক্টর-৬
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
তারিখ: ৫৮৯৫১১৪০
Website: www.bncc.gov.bd

২৩ কার্তিক ১৪২৫

২৩.০৬.০০০০.০০০.১১.০১০.১৬-১৪৯

০৭ নভেম্বর ২০১৮

বিএনসিসি অধিদপ্তরের ০৫ (পাঁচ) ক্যাটাগরির পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক/মৌখিক পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী।

১। বিএনসিসি অধিদপ্তরের ০৭ (সাত) ক্যাটাগরির পদে লিখিত পরীক্ষা গত ১৭/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষার ০৫ (পাঁচ) ক্যাটাগরি (ড্রাফটসম্যান, অফিস সহকারী, ড্রাইভার, অফিস সহায়ক ও ইউএসএল) পদের ফলাফল গত ০৬/১১/২০১৮ খ্রি: তারিখে প্রকাশিত হয়েছে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ড্রাইভার পদের প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা (ড্রাইভিং টেস্ট) আগামী ১৫/১১/২০১৮ তারিখ এবং ড্রাফটসম্যান, অফিস সহকারী, অফিস সহায়ক ও ইউএসএল পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১৬/১১/২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত হবে। ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য সকল প্রার্থীকে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

- ক। ব্যবহারিক (শুধুমাত্র ড্রাইভার পদের জন্য)/মৌখিক পরীক্ষা বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) অধিদপ্তর, ৩২, ঈশা খাঁ অ্যাভিনিউ, সেক্টর-৬, উত্তরা মডেল টাউন, ঢাকায় অনুষ্ঠিত হবে।
- খ। ড্রাইভার পদের প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা (ড্রাইভিং টেস্ট) আগামী ১৫/১১/২০১৮ খ্রি: তারিখ সকাল ০৯০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষার ফলাফল একই দিন অর্থাৎ ১৫/১১/২০১৮ খ্রি: তারিখ বিএনসিসি'র নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশ করা হবে। ড্রাইভার পদে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা পরের দিন অর্থাৎ ১৬/১১/২০১৮ খ্রি: তারিখ সকাল ০৯০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।
- গ। ড্রাফটসম্যান, অফিস সহকারী, অফিস সহায়ক এবং ইউএসএল পদের মৌখিক পরীক্ষা আগামী ১৬/১১/২০১৮ খ্রি: তারিখ সকাল ০৯০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।
- ঘ। ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল প্রকার মূল সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র) সংগে আনতে হবে। এছাড়াও সকল প্রকার মূল সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ছায়ািলপি ও সদ্য তোলা ০২ কপি রঞ্জিন ছবি কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।
- ঙ। ড্রাইভার পদের প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময় অবশ্যই মূল ড্রাইভিং লাইসেন্স সংগে আনতে হবে।
- চ। ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নতুন কোন Admit Card ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার Admit Card-ই ব্যবহারিক/মৌখিক পরীক্ষার Admit Card হিসেবে বিবেচিত হবে। ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় অবশ্যই Admit Card সংগে আনতে হবে।
- ছ। ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় Online-এ আবেদনকৃত আবেদন ফরম এর Applicant's Copy (রঞ্জিন ছবিসহ) কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।
- জ। ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ঝ। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য/পরীক্ষার ফলাফল বিএনসিসি অধিদপ্তরের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (www.bncc.gov.bd)-এ পাওয়া যাবে।

২। যোগ্য প্রার্থীদের উপরোল্লিখিত নির্দেশনা অনুযায়ী ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মো: আহসানুল হাসান

মেজর

উপপরিচালক (প্রশাসন) ও

সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর